

## রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল সনদ পেলেন হামলাকারী শিক্ষানবিশ চিকিৎসকেরা

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে সাংবাদিকদের ওপর হামলাকারী শিক্ষানবিশ চিকিৎসকদের সনদ দেওয়া হয়েছে। গত সোমবার রাতে তাঁদের ২০ জনকে সনদ দেওয়া হয়। গতকাল মঙ্গলবার বাকি চিকিৎসকদের সনদ দেওয়া হয়েছে। তবে এক সাংবাদিককে চিকিৎসা দিতে অস্বীকৃতি জানানো চিকিৎসকেরা সনদ পাচ্ছেন না বলে জানা গেছে। হাসপাতাল সূত্রে জানা গেছে, ওই মেডিকেল কলেজের ৪৯তম ব্যাচের ১১৫ জন শিক্ষার্থীর শিক্ষানবিশকাল গত শনিবার শেষ হয়। ওই ব্যাচের আরও ৬৪ জন (নার্সিংমেটারি) শিক্ষার্থী আগামী নভেম্বর মাসে শিক্ষানবিশ মেয়াদ শেষ করবেন। রাজশাহীতে কর্মরত সাংবাদিকেরা শনিবার মানববন্ধন করে ওই শিক্ষানবিশ চিকিৎসকদের সনদ না দেওয়ার দাবি জানান। এরই মধ্যে সাংবাদিকদের ওপরে হামলার কারণে তাঁদের বিরুদ্ধে নগরের মতিহার থানায় দুটি মামলা হয়েছে। তবে এসব মামলায় পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি।

এক বছরের শিক্ষানবিশকালে ওই ব্যাচের শিক্ষার্থীরা চারবার ধর্মঘট থেকে রোগীদের দুর্ভোগে ফেলেন। তিনবারই রোগীর স্বাস্থ্যের সঙ্গে যত্নের জের ধরে তাঁরা ওই কর্মসূচি পালন করেন। গত বছরের ২০ নভেম্বর খেসরকারি হাসপাতালের শিক্ষার্থীদের রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে শিক্ষানবিশ চিকিৎসক হিসেবে যোগ দেওয়ার প্রতিবাদে তাঁরা ধর্মঘটে যান।

সর্বশেষ গত ১৯ এপ্রিল স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী এসে চিকিৎসকদের কথায় ধর্মঘট না ডাকার আহ্বান জানান। তারপরের দিন শিক্ষানবিশ চিকিৎসকেরা রোগীর এক স্বজনকে পিটিয়ে জখম করেন বলে অভিযোগ ওঠে। খবর পেয়ে সাংবাদিকেরা গলে তাঁরা সাংবাদিকদের ওপরও হামলা চালান। ওই হামলায় কমপক্ষে ১০ জন সাংবাদিক আহত হন। সাংবাদিকদের পাঁচটি ক্যামেরা ভাঙচুর করা হয়। এরপর সাংবাদিকেরা ওই চিকিৎসকদের বিচার দাবিতে আন্দোলন কর্মসূচি পালন করে আসছেন। ৬ মে তাঁরা একজন

সাংবাদিককে চিকিৎসা দিতে অস্বীকৃতি জানান। এসব ঘটনার পরিপ্রেক্ষিতে হাইকোর্ট স্বতঃপ্রণোদিত হয়ে একটি রুলও জারি করেন।

সাংবাদিকদের চিকিৎসা দিতে অস্বীকৃতি জানানোর বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। আদালতের রুলের জবাবও দেওয়া হয়নি। সাংবাদিকদের ওপরে হামলার ঘটনাটি নিয়ে মন্ত্রণালয় থেকে গঠিত তদন্ত কমিটিও এখন পর্যন্ত প্রতিবেদন দাখিল করেনি। এদিকে হামলার ঘটনায় ক্ষতিগ্রস্ত শিক্ষানবিশ চিকিৎসকদের শান্তির দাবিতে রাজশাহীতে কর্মরত সাংবাদিকেরা আন্দোলন করে আসছেন। এর মধ্যেই ওই চিকিৎসকদের সনদ দেওয়া হলো।

গতকাল সাংবাদিক নির্বাচন কমিটির উদ্যোগে এক বৈঠকে বিতর্কিত শিক্ষানবিশ চিকিৎসকদের সনদ দেওয়ার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়। ওই কমিটি আজ বুধবার হাসপাতালের পরিচালক ও রাজশাহী মহানগর পুলিশ কমিশনারের সঙ্গে দেখা করে পাঁচ দফা দাবিতে স্মারকপিপি দেবে বলে জানিয়েছে।